## প্রথম বর্ষ বি এফ এ সম্মান

(শিক্ষাক্রম বিশ্বের সমকালীন বিজ্ঞানধর্মী শিক্ষণ-পদ্ধতি অনুযায়ী অনুশীলিত হবে)
১ বৎসরের শিক্ষা কার্যক্রমে কোর্স সমাপ্ত হবে  পূর্ণ নম্বর : ৭০০ ক্রেডিট পয়েন্ট -৬৪

১. বিষয় : ড্রইং — পূর্ণমান : ১০০ (অনুশীলনী নম্বর ৫০ এবং পরীক্ষা ৫০)
Drawing — বছরে কমপক্ষে ৫টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ১০
কোর্স নম্বর : ৫০১

মানুষ, পশুপাখি, প্রকৃতি, ফোলিয়েজ, তৈজসপত্র, আসবাবপত্র সহ বিভিন্ন বস্তু শুধুমাত্র রেখার মাধ্যমে আলোছায়া দেখিয়ে অংকন করতে হবে। পেন্সিল, কালি কলম, ব্রাশ, রঙিন পেন্সিল, চারকোল প্রভৃতি মাধ্যমে উপযুক্ত যেকোন প্রকার কাগজ ব্যবহার করে কোর্সটি সম্পন্ন করা যাবে।

২. বিষয় : স্কেচ — পূর্ণমান : ১০০ অনুশীলনী নম্বর ৫০ (স্কেচ-২৫ এবং প্রতিদিন স্কেচ খাতা চর্চা-২৫) পরীক্ষা-৫০
Sketch — বছরে কমপক্ষে ৫টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট-১০
কোর্স নম্বর : ৫০২

মানুষ, পশুপাখি, নিসর্গ, জীবন ও পরিবেশ, পরিত্যাক্ত বিষয়সহ যে কোন প্রকার বিষয়বস্তু নিয়ে পূর্ণাঙ্গ আলোছায়া দেখিয়ে পেন্সিল কালি কলম, ব্রাশ, রঙিন পেন্সিল, চারকোল প্রভৃতি মাধ্যমে উপযুক্ত যে কোন প্রকার কাগজ ব্যবহার করে কোর্সটি সম্পন্ন করা যাবে।

৩. বিষয় : বেসিক ডিজাইন — পূর্ণমান : ১০০ (অনুশীলনী নম্বর ৫০ এবং পরীক্ষা ৫০)
Basic Design — বছরে কমপক্ষে ৫টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ১০
কোর্স নম্বর : ৫০৩

নক্‌শার রীতি ও উপাদান সহ বিভিন্ন প্রকার ফর্ম বা মোটিফ যেমন জ্যামিতিক ফর্ম, ফ্লোরাল ফর্ম ইত্যাদি ব্যবহার করে কালি, তুলি, পোস্টার রং, রঙিন কাগজ প্রভৃতির মাধ্যমে কোর্সটি সম্পন্ন করা যাবে।

৪. বিষয় : পরিপ্রেক্ষিত — পূর্ণমান : ১০০ (অনুশীলনী নম্বর ৫০ এবং পরীক্ষা ৫০)
Perspective — বছরে কমপক্ষে ৫টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ১০
কোর্স নম্বর : ৫০৪

বিভিন্ন প্রকার জ্যামিতিক আকৃতির বস্তু তৈজসপত্র, আসবাবপত্র, ঘরবাড়ি, প্রকৃতি ইত্যাদি বিষয়ের রৈখিক ও বায়বীয় পরিপ্রেক্ষিত নির্ণয়ের মাধ্যমে কোর্সটি সম্পন্ন করা যাবে। পেন্সিল, কালি কলম, ব্রাশ, জল রং প্রভৃতি মাধ্যমের উপযুক্ত যে কোন প্রকার কাগজ ব্যবহার করা যাবে।

৫. বিষয়: অনুশীলন ও কম্পোজিশন — পূর্ণমান : ১০০ (অনুশীলনী নম্বর ৫০ এবং পরীক্ষা ৫০)
Study & Composition — বছরে কমপক্ষে ৫টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট-১০
কোর্স নম্বর : ৫০৫

ফুল, লতা পাতা, পশুপাখি, যাদুঘরে রক্ষিত সামগ্রী, বিভিন্ন প্রকার জড়বস্তু প্রাকৃতিকভাবে অবস্থিত অথবা বিন্যাসকৃত অবস্থায় আলোছায়া, বৈশিষ্ট্য ইত্যাদি সুচারুভাবে অনুশীলিত হবে। পেন্সিল, কালিকলম, ব্রাশ, জলরং, পোস্টার রঙ, রঙিন পেন্সিল, চারকোল ইত্যাদি মাধ্যমের উপযুক্ত যেকোন প্রকার কাগজ ব্যবহার করা যাবে।

৬. বিষয় : মাটি প্রস্তুত প্রণালী — পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ২৫ এবং পরীক্ষা ২৫)
Clay Preparation — বছরে কমপক্ষে [illegible] ক্লাস (৭৫ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ৫
কোর্স নম্বর : ৫০৬

বিভিন্ন প্রকার মাটির বৈশিষ্ট্য, মাটি সংগ্রহ, মাটিকে মৃৎশিল্পের উপযুক্তকরণ, পোড়ানোর পর মাটির রঙের তারতম্য নির্ণয়, সংকোচন প্রসারণ নির্ণয়, হালকা এবং ভারী বডি তৈরীর পদ্ধতি, মৃৎশিল্পের ভিন্ন ভিন্ন মাধ্যমের উপোযোগী ভিন্ন ভিন্ন বডি তৈরী, প্রাকৃতিক এবং রাসায়নিক উপায়ে রঙ করার পদ্ধতি ইত্যাদি বিষয়ে সুস্পষ্টভাবে ধারণার মাধ্যমে পাঠদান এবং সিরামিক টুলস্‌সহ বিভিন্ন যন্ত্রপাতির পরিচয় ও নির্মাণ পদ্ধতি সম্পর্কে ধারনার মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে।

৭. বিষয় : মৃৎশিল্পের ইতিহাস
History of Ceramic
কোর্স নম্বর : ৫০৭

পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ১০, মৌখিক ১০ এবং পরীক্ষা ৩০)
বছরে কমপক্ষে ৩০টি ক্লাস (৩০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -৫

৮. বিষয় : বিশ্বশিল্পের ইতিহাস
History of World Art
কোর্স নম্বর : ৯০১

পূর্ণমান : ১০০ (ইনকোর্স টিউটোরিয়াল ১৫, ইনকোর্স মৌখিক ১০, পরীক্ষা ৭৫)
ক্রেডিট পয়েন্ট : ৪ ।

প্রাগৈতিহাসিক কাল থেকে ১৪০০ শতক পর্যন্ত - পুরাতন প্রস্তর ও নব্যপ্রস্তর যুগ, প্রাচীন মিসরীয়, মেসোপেটেমীয়, এজিয়, গ্রিক, চীনা, কোরীয়, জাপানী, এট্রুসকান, রোমান, প্রাচীন যুগের শেষ প্রান্তের শিল্পকলা (বহু ঈশরবাদী, ইহুদী ও খ্রিষ্টান), বাইজেন্টীয়, রোমানেস্ক, গোথিক, ইসলামী ।

## <u>দ্বিতীয় বর্ষ বি এফ এ সম্মান</u>

১ বৎসরের শিক্ষাকার্যক্রমে কোর্স সমাপ্ত হবে পূর্ণ নম্বর : ৫০০ ক্রেডিট পয়েন্ট-৪৪

১. বিষয় : ড্রইং
Drawing
কোর্স নম্বর : ৫১১

পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ২৫ এবং পরীক্ষা ২৫)
বছরে কমপক্ষে ৩টি ক্লাস (৭৫ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ৫

মানুষ, পশুপাখি, প্রকৃতি, ফোলিয়েজ, তৈজসপত্র, আসবাবপত্র সহ বিভিন্ন বস্তু রেখা এবং আলোছায়ার মাধ্যমে (টোনের মাধ্যমে ত্রিমাত্রিক বৈশিষ্ট সহকারে) অংকন করতে হবে । পেন্সিল, কালি কলম, ব্রাশ, রঙিন পেন্সিল, চারকোল প্রভৃতি মাধ্যমে উপযুক্ত যেকোন প্রকার কাগজ ব্যবহার করে কোর্সটি সম্পন্ন করা যাবে ।

২. বিষয় : জলরং অনুশীলন
Water Color Study
কোর্স নম্বর : ৫১২

পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ২৫ এবং পরীক্ষা ২৫)
বছরে কমপক্ষে ৩টি ক্লাস (৭৫ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ৫

মানুষ, পশুপাখি, প্রকৃতি, ফোলিয়েজ, তৈজসপত্র, আসবাবপত্র সহ বিভিন্ন বস্তু শুধুমাত্র জলরং (এক রং অথবা বহুরং) এর মাধ্যমে উপযুক্ত যে কোন প্রকার কাগজ ব্যবহার করে কোর্সটি সম্পন্ন করা যাবে ।

৩. বিষয় : ডিজাইন
Design
কোর্স নম্বর : ৫১৩

পূর্ণমান : ১০০ (অনুশীলনী নম্বর ৫০ এবং পরীক্ষা ৫০)
বছরে কমপক্ষে ৫টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -১০

ফুল, লতাপাতা, মানুষ, পশুপাখি, জীবজন্তু প্রভৃতির বাস্তবধর্মী, এবং জ্যামিতিক ফর্ম ব্যবহার করে মৌলিক নক্শা, বাংলাদেশসহ পৃথিবীর বিভিন্ন দেশের ঐতিহ্যবাহী নক্শা, যাদুঘর এবং বিভিন্ন প্রত্নতাত্ত্বিক নিদর্শনের অনুকরণে পেন্সিল, রং তুলি, কালি কলম প্রভৃতি মাধ্যমে উপযুক্ত কাগজের উপর এবং বিভিন্ন প্রকার মাটির স্লাবের উপর খোদাই অথবা রিলিফ পদ্ধতিতে নক্শা অংকনের মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে ।

৪. বিষয় : ফ্রি হ্যান্ড মৃৎশিল্প
Free Hand Ceramic
কোর্স নম্বর : ৫১৪

পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ২৫ এবং পরীক্ষা ২৫)
বছরে কমপক্ষে ৩টি ক্লাস (৭৫ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ৫

পিঞ্চ, কয়েল, স্লাব প্রভৃতি কৌশলে উপযুক্ত যে কোন প্রকার মাটি দিয়ে সিরাসিক বৈশিষ্ট অক্ষুন্ন রেখে বাটি ফুলদানী, অর্নামেন্ট বক্স, শোপিস ইত্যাদি সহ বিভিন্ন সিরামিক দ্রব্যাদির অনুকরণ এবং অনুশীলনের মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে ।

৫. বিষয় : হুইল থ্রোইং
Wheel Throwing
কোর্স নম্বর : ৫১৫

পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ২৫ এবং পরীক্ষা ২৫)
বছরে কমপক্ষে ৩টি ক্লাস (৭৫ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ৫

হুইল (চাক) এর মাধ্যমে সেন্টারিং এবং থ্রোইং সহ পূর্ণাঙ্গ পটারী নির্মাণ এবং অলংকরণের মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে।

৬. বিষয় : মৃৎশিল্পের ইতিহাস — পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ১০ মৌখিক-১০ এবং পরীক্ষা-৩০)
History of Ceramic — বছরে কমপক্ষে ৩০টি ক্লাস (৩০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট-৫
কোর্স নম্বর : ৫১৬

৭. বিষয় : মৃৎশিল্পের করণকৌশল — পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ১০ মৌখিক-১০ এবং পরীক্ষা-৩০)
Materiel & Technique of Ceramic — বছরে কমপক্ষে ৩০টি ক্লাস (৩০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -৫
কোর্স নম্বর : ৫১৭
(ক) মৃৎশিল্পের প্রস্তুত কৌশল ও শ্রেণী বিভাজনের আলোচনা

৮. বিষয় : পাশ্চাত্য শিল্পের ইতিহাস — পূর্ণমান : ১০০ (ইনকোর্স টিউটোরিয়াল ১৫, ইনকোর্স মৌখিক ১০, পরীক্ষা ৭৫) ক্রেডিট-৪
History of Western Art
কোর্স নম্বর : ৯১১

১৫ শতক থেকে ১৯ শতক-রেনেসাঁ, ম্যানারিজম, বারোক, রোকোকো, নিওক্লাসিসিজম, রোমান্টিসিজম, রিয়ালিজম, ইম্প্রেসনিজম, পোস্ট ইম্প্রেসনিজম ইত্যাদি।

## তৃতীয় বর্ষ বি এফ এ সম্মান

১ বৎসরের শিক্ষাকার্যক্রমে কোর্স সমাপ্ত হবে — পূর্ণ নম্বর : ৫০০ ক্রেডিট পয়েন্ট-৪৪

১. বিষয় : ড্রইং — পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ২৫ এবং পরীক্ষা ২৫)
Drawing — বছরে কমপক্ষে ৩টি ক্লাস (৭৫ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ৫
কোর্স নম্বর : ৫২১

মানুষ, পশুপাখি, প্রকৃতি, ফোলিয়েজ, তৈজসপত্র, আসবাবপত্র সহ বিভিন্ন বস্তু রেখা এবং আলোছায়ার মাধ্যমে (টোনের মাধ্যমে ত্রিমাত্রিক বৈশিষ্ট সহকারে) অংকন করতে হবে। পেন্সিল, কালি কলম, ব্রাশ, রঙিন পেন্সিল, চারকোল প্রভৃতি মাধ্যমে উপযুক্ত যেকোন প্রকার কাগজ ব্যবহার করে কোর্সটি সম্পন্ন করা যাবে।

২. বিষয় : ব্যবহারিক মৃৎশিল্প — পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ২৫ এবং পরীক্ষা ২৫)
Ceramic Utensils — বছরে কমপক্ষে ৩টি ক্লাস (৭৫ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ৫
কোর্স নম্বর : ৫২২

দৈনন্দিন জীবনে অতি প্রয়োজনীয় এবং শোভাবর্ধনকারী ব্যবহারিক মৃৎসামগ্রী যেমন, টেবিল ওয়ার (পেয়ালা, টি-সেট, কফি সেট, ফ্রুট সেট, ডিনার সেট, মগ সেট, জগ) ফুলদানী, অর্নামেন্ট বক্স, টব প্রভৃতির নতুন নতুন ডিজাইন, বৈশিষ্ট এবং প্যাটার্ণ ডিজাইন ও গ্লেজ ডেকোরেশন সহ নির্মাণের মাধ্যমে এই কোর্সটি সম্পন্ন হবে। এ ক্ষেত্রে অবশ্যই ব্যবহারিক গুনাবলী অক্ষুন্ন থাকতে হবে। কমন ক্লে অথবা চায়না ক্লে যে কোন প্রকার মাটি ব্যবহার করা যাবে।

৩. বিষয় : ম্যুরাল — পূর্ণমান : ১০০ (অনুশীলনী নম্বর ৫০ এবং পরীক্ষা ৫০)
Mural — বছরে কমপক্ষে ৫টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -১০
কোর্স নম্বর : ৫২৩

মানুষ, পশুপাখি, ফুল, লতা-পাতা প্রকৃতি যে কোন প্রকার বাস্তবধর্মী বিষয় বস্তুকে কেন্দ্র করে কাদামাটির মাধ্যমে রিলিফ চিত্র (টেরাকোটা এবং স্টোনওয়ার), টাইলস এর উপর বিভিন্ন তাপমাত্রার গ্লেজ, গ্লেজ করা টাইলস ভেঙ্গে, গ্লেজ বিহীন টাইলস (বিভিন্ন রঙের হাড়ি কলস ইত্যাদি পোড়ামাটির ভাঙ্গা অংশ) ব্যবহার করে দেওয়াল চিত্র নির্মাণের মাধ্যমে কোর্সটি সম্পন্ন করা যাবে।

৪. বিষয় : মৃৎশিল্প ভাস্কর্য — পূর্ণমান : ১০০ (অনুশীলনী নম্বর ৫০ এবং পরীক্ষা ৫০)
Ceramic Sculpture — বছরে কমপক্ষে ৫টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -১০
কোর্স নম্বর : ৫২৪

মানুষ, পশুপাখি, আসবাবপত্রসহ বিভিন্ন বিষয়বস্তুর বাস্তবধর্মী অনুকরণে সিরামিক গুনাগুন অক্ষুন্নরেখে স্বল্প এবং উচ্চ তাপমাত্রায় পোড়ানোর উপযোগী ত্রিমাত্রিক ভাস্কর্য নির্মাণের মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে। কমন ক্লে, চায়নাক্লে সহ যে কোন প্রকার উপযুক্ত মাটি ব্যবহার করা যাবে। ত্রিমাত্রিক ভাস্কর্যের বৈশিষ্ট গুনাগুন কম্পোজিশন, ব্যালান্স এবং পরিপূর্ণভাবে উপস্থাপনের বিষয়ে পাঠদানের মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে।

৫. বিষয় : মৃৎশিল্প ডেকোরেশন
Ceramic Decoration
কোর্স নম্বর : ৫২৫
পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ২৫ এবং পরীক্ষা ২৫)
বছরে কমপক্ষে ৩টি ক্লাস (৭৫ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ৫

পটারীর বর্হিগাত্রে অংলকরণের জন্য বিভিন্ন রঙের ও তাপমাত্রার গ্লেজ রেসিপি তৈরী এবং প্রয়োগের মাধ্যমে বিভিন্ন মাপের টেস্টপিস (সমতল এবং অসমতল) তৈরী করে কিলন্‌লগ সহ উপস্থাপন এবং পরীক্ষিত রেসিপি ব্যবহার করে পটারী অলংকরণের মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে। আধুনিক বিশ্বে পরিচিত গ্লেজ পদ্ধতি সমূহ (সফ্‌ট গ্লেজ, হার্ড গ্লেজ, পোরসিলিন গ্লেজ, ক্রিস্টালাইন গ্লেজ, রাকু গ্লেজ, সল্ট গ্লেজ, ম্যাজোলিকা ব্রিস্টল গ্লেজ, ক্রাকল গ্লেজ, এ্যাশ গ্লেজ, সিরামিক এনামেল গ্লেজ, টেরাসিগিলাটা, এনগোভ) ইত্যাদি বিষয়ে পাঠদান করা হবে।

৬. বিষয় : মৃৎশিল্প রসায়ন
Chemistry of Ceramic
কোর্স নম্বর : ৫২৬
পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ১৫ এবং পরীক্ষা ৩৫)
বছরে কমপক্ষে ৩০টি ক্লাস (৩০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ৫

ক. পদার্থ : ভৌত রূপ, অনু ও পরমাণু, অনু ও পরমাণুর গঠনের সাংকেতিক রূপ, পদার্থের ভৌত ও রাসায়নিক পরিবর্তন, ধাতু ও অধাতু।

খ. প্রতীক, সংকেত, যোজনী ও রাসায়নিক সমীকরণ, পারমাণবিক ভর ও সমতুল ওজন।

গ. অম্ল, ক্ষারক ও লবণ। এদের ধর্ম ও সনাক্তকরণ।

ঘ. অক্সাইড-শ্রেণী বিভাগ, ধর্ম ও ব্যবহার

ঙ. সাধারণ রাসায়নিক ক্যালকুলেশন।

চ. মাটি : রাসায়নিক গঠন: আদর্শ গঠন, মৃত্তিকার উৎস, ফেল্ডস্পার, কণার আকার ও গঠন, রূপগ্রাহিতা (প্লাস্টিসিটি), প্রাথমিক মাটি, কেওলিন, বল ক্লে, ফায়ার ক্লে, স্যাগার ক্লে, আর্থেনওয়ার ও স্টোন ওয়্যার ক্লে।

ছ. মাটির উপর তাপের প্রভাব।

জ. মৃৎশিল্প পন্যের শ্রেণী বিন্যাস।

ঝ. গ্লেজ সমীকরণ, অক্সাইড ও তার ক্রিয়া, চূর্ণ-মিশ্র (ফ্রিটেড), গ্লেজ, ফিকচার, গ্লেজ রংয়ের উৎস, বিভিন্ন গ্লেজ প্রস্তুত, গ্লেজে রঙের মিশ্রন পদ্ধতি, গ্লেজ প্রয়োগ, গ্লেজ ফায়ারিং।

ঞ. সিরামিক ক্যালকুলেশন।

৭. বিষয় : দক্ষিণ এশিয়া ও বাংলার শিল্পের ইতিহাস
The Art of South Asia & Bengal
কোর্স নম্বর : ৯২১
পূর্ণমান : ১০০ (ইনকোর্স টিউটোরিয়াল ১৫, ইনকোর্স মৌখিক ১০, পরীক্ষা ৭৫), ক্রেডিট পয়েন্ট : ৪

প্রাগৈতিহাসিক কাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত

ক) দক্ষিণ এশিয়া-প্রাগৈতিহাসিক শিল্প নিদর্শন, সিন্ধু সভ্যতা, বৈদিক ও মহাকাব্যিক কাল, মৌর্য, সুঙ্গ, কুশান, অন্ধ্র, গুপ্ত ও গুপ্ত পরবর্তী কালের শিল্প।

খ) বাংলা-খড়গ, পাল, দেব, চন্দ্র, বর্মণ, সেন, সুলতানী, মোগল (মুর্শিদাবাদী, কোম্পানি আমল সহ) থেকে ভারত বিভাগপূর্ব।

## চতুর্থ বর্ষ বি এফ এ সম্মান

১ বৎসর শিক্ষাকার্যক্রমে কোর্স সমাপ্ত হবে পূর্ণ নম্বর : ৫০০ ক্রেডিট পয়েন্ট-৩৮

১. বিষয় : ড্রইং পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ২৫ এবং পরীক্ষা ২৫)
Drawing বছরে কমপক্ষে ৩টি ক্লাস (৭৫ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ৫
কোর্স নম্বর : ৫৩১

মানুষ, পশুপাখি, প্রকৃতি, ফোলিয়েজ, তৈজসপত্র, আসবাবপত্র সহ বিভিন্ন বস্তু সরাসরি কালি ও তুলির মাধ্যমে অংকন করতে হবে। (এই কোর্সে ছাত্র-ছাত্রী তুলির নিয়ন্ত্রণ এবং ড্রইং এর পুঙ্খানুপুঙ্খ দক্ষতা অর্জন করতে সক্ষম হবে।) উপযুক্ত যেকোন প্রকার কাগজ ব্যবহার করে কোর্সটি সম্পন্ন করা যাবে।

২. বিষয় : সিরামিক ইন্ডস্ট্রিয়াল ডিজাইন পূর্ণমান : ৫০ (অনুশীলনী নম্বর ২৫ এবং পরীক্ষা ২৫)
Ceramic Industrial Design বছরে কমপক্ষে ৩টি ক্লাস (৭৫ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ৫
কোর্স নম্বর : ৫৩২

দৈনন্দিন জীবনের ব্যবহার্য তৈজসপত্রের আকৃতি অঙ্কন, প্যাটার্ণ ডিজাইন এবং আন্তর্জাতিক পরিমাপ ও নিয়মনীতি অনুসরণ করে বানিজ্যিকভাবে অধিক মাত্রায় উৎপাদন উপযোগী করে ম্যাকানিক্যাল ডিজাইন সম্পর্কে পাঠদানের মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে। উপযুক্ত যে কোন প্রকার কাগজ পেন্সিল, কলম, রঙিন পেন্সিল, বিভিন্ন প্রকার রঙ, প্রয়োজনীয় বিভিন্ন প্রকারের স্কেল, গ্রাফসিট এবং ট্রেসিং পেপার ব্যবহার করে কোর্সটি সম্পন্ন করা যাবে।

৩. বিষয় : সিরামিক ইন্ডাস্ট্রিয়াল মডেলিং পূর্ণমান : ১০০ (অনুশীলনী নম্বর ৫০ এবং পরীক্ষা ৫০)
Ceramic Industrial Modelling বছরে কমপক্ষে ১টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -১০
কোর্স নম্বর : ৫৩৩

দৈনন্দিন জীবনের ব্যবহার্য তৈজসপত্র, মানুষ, পশুপাখিসহ বিভিন্ন প্রকার বস্তুর বানিজ্যিকভাবে উৎপাদন উপযোগী মডেল, মোল্ড, এবং কাস্টিং এর মাধ্যমে পূর্ণাঙ্গ রূপদান পর্যন্ত পাঠদানে কোর্সটি সম্পন্ন হবে। মডেল এবং মোল্ড তৈরীর জন্য প্লাস্টার অব প্যারিস ও কাস্টিং এর জন্য তরলাকৃতির চাইনা ক্লে অথবা কমন ক্লে ব্যবহার করা হবে।

৪. বিষয় : বি এফ এ (সম্মান) পূর্ণমান : ১০০ অনুশীলনী নম্বর ২৫ (এসাইনমেন্ট), পরীক্ষা ৭৫
চূড়ান্ত কার্যক্রম (প্রজেক্ট-২৫, থিসিস-২৫, মৌখিক-২৫)
B F A (Hons) Final Programme বছরে কমপক্ষে ১টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -১০
কোর্স নম্বর : ৫৩৪

<u>অনুশীলনী অংশে</u> বাংলাদেশের বিভিন্ন এলাকার মৃৎপল্লী এবং বিভিন্ন সিরামিক ইন্ডাস্ট্রি পরিদর্শন, সিরামিক সামগ্রী বাজারজাতকরণ প্রভৃতি বিষয়ে শ্রেণী শিক্ষকের নির্দেশনা অনুযায়ী এসাইনমেন্ট পেপার তৈরী।

<u>চূড়ান্ত পরীক্ষার অংশে</u> শিক্ষার্থীরা প্রজেক্ট, থিসিস এবং মৌখিক পরীক্ষার অংশ গ্রহণ করবে। চূড়ান্ত পরীক্ষার সময় প্রশ্নপত্র অনুযায়ী ছাত্র-ছাত্রীরা একটি পূর্ণাঙ্গ প্রজেক্ট সম্পন্ন করবে এবং প্রশ্নপত্র অনুযায়ী মৃৎশিল্প বিষয়ক একাডেমিক থিসিস রচনা করবে এছাড়া ৪ বছরের মৃৎশিল্প বিষয়ে সম্পূর্ণ কোর্স সম্পর্কে মৌখিক পরীক্ষার মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে।

৫. বিষয় : নন্দনতত্ত্ব পূর্ণমান : ১০০ (ইনকোর্স টিউটোরিয়াল ১৫, ইনকোর্স মৌখিক ১০, পরীক্ষা ৭৫), ক্রেডিট পয়েন্ট-৪
Aesthetics
কোর্স নম্বর : ৯৩১

মৌলিক নন্দনতত্ত্ব, নন্দনতত্ত্বের তত্ত্ব, শিল্পদর্শন, সমালোচনা দর্শন ও শিল্পতত্ত্ব সমূহ (পাশ্চাত্য, ভারত, চীন, জাপান)।

৬. বিষয় : বিশ শতক এবং লোক পূর্ণমান : ১০০ (ইনকোর্স টিউটোরিয়াল ১৫, ইনকোর্স মৌখিক ১০, পরীক্ষা ৭৫)
ও নৃ গোষ্ঠীর শিল্প ক্রেডিট পয়েন্ট : ৪
Folk, Ethnic & 20th Century Art
কোর্স নম্বর : ৯৩২

ক. লোক ও নৃ গোষ্ঠীর শিল্প

লোক ও নৃ গোষ্ঠীর শিল্পের সংজ্ঞা, বাংলার লোক ও নৃ গোষ্ঠীর শিল্প, আফ্রিকা, ওসেনিয়া, অস্ট্রেলিয়া, উত্তর ও দক্ষিণ আমেরিকার নৃ গোষ্ঠীর শিল্পের প্রাথমিক পরিচিতি ।

খ. বিংশ শতাব্দীর শিল্প

আধুনিক শিল্পের বিকাশ : বিংশ শতকের প্রথমভাগের শিল্প । আধুনিক থেকে উত্তর আধুনিক এবং পরবর্তী শিল্প ।